



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬৪১

তারিখ : ২৮-০৫-২০১৫

বিষয় : নবম ও দশম শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৬-০২-২০১৫ তারিখের নথি নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৮৫ স্মারক পত্র

খ) প্রধান শিক্ষকের ১৯-০৪-২০১৫ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন হাড়িয়াদহ মহিষাখোলা মাধ্যমিক বিদ্যালয়ে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করার শর্তে ০১-০১-২০১৫ তারিখ হতে নবম এবং ০১-০১-২০১৬ তারিখ হতে দশম শ্রেণিতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হল।

নবম শ্রেণি আবশ্যিক বিষয়সমূহ

১। (ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম ও নৈতিক শিক্ষা, (ঙ) শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধূলা।

মানবিক শাখার জন্য আবশ্যিক বিষয় :

২। (চ) বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা (ছ) ভূগোল ও পরিবেশ (জ) অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা (ঝ) বিজ্ঞান

৩। ঐচ্ছিক বিষয়সমূহ : যে কোন ০১টি। পাঠ্যক্রম অনুযায়ী।

শর্তসমূহ

- ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে
- ২। নবম/দশম শ্রেণি খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ০৩ (তিন) বছরের জন্য অর্থাৎ আগামী ৩১-১২-২০১৫ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৩। উক্ত মেয়াদের মধ্যে অস্থায়ী স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে
- ৪। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৫। আগামীতে পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
- ৬। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৭। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
- ৮। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ৯। লাইব্রেরিতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে
- ১০। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ১১। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত বাংলা-ইংরেজি, ইংরেজি-বাংলা অভিধানসমূহ প্রতিটির ন্যূনতম তিন কপি করে সংগ্রহ করতে হবে

প্রধান শিক্ষক

হাড়িয়াদহ মহিষাখোলা মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : ধানখোলা, উপজেলা : গাংনী,

জেলা : মেহেরপুর

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

মোবাইল-০১৭৩৩-২২২০০৫


e-mail : is@jessoreboard.gov.bd

তারিখ : ২৮-০৫-২০১৫

স্মারক নং-বিঅ-৬/৬৪১(১০)

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী, নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর
- ১০। সংরক্ষণ নথি


বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
২৮/০৫/১৫